

বাংলাদেশ পর্যটন করপোরেশন  
প্রশাসন বিভাগ  
বীর উত্তম এ.কে. খন্দকার সড়ক  
৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪০তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভার কার্যবিবরণী।

|            |   |   |
|------------|---|---|
| সভাপতি     | : | অপরূপ চৌধুরী, পিএইচ.ডি<br>চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন |
| সভার তারিখ | : | ০৩.০৮.২০১৫  |
| সভার সময়  | : | সকাল ১০.০০ টা   |
| সভার স্থান | : | বাপক প্রধান কার্যালয়ের সভা কক্ষ                                |

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪০তম শাহাদাত বার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে আয়োজিত প্রস্তুতি সভায় করপোরেশনের পরিচালকগণ, মহা-ব্যবস্থাপকগণ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও প্রধান কার্যালয়ের ব্যবস্থাপকগণসহ হোটেল অবকাশের আবাসিক ব্যবস্থাপক উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

২॥ সভায় বাংলাদেশ পর্যটন করপোরেশন-এ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪০তম শাহাদাত বার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত কর্মসূচি উপস্থাপন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে বিস্তারিত আলোচনার পর বাংলাদেশ পর্যটন করপোরেশনে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে নিম্নরূপ কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্রমিক<br>নং | কর্মসূচি ও সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী বিভাগ/শাখা/ইউনিট/কমিটি   | মন্তব্য |
|--------------|--|---|---------|
| ১.           | ১৫ আগস্ট ২০১৫ পর্যটন করপোরেশনের প্রধান কার্যালয়সহ সংস্থার সকল বাণিজ্যিক ইউনিটে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে।                                | প্রধান কার্যালয়ঃ জনাব আখম নুরুল আমিন<br>ভারপ্রাপ্ত উপ-ব্যবস্থাপক<br>সাধারণ সেবা শাখা।<br>সকল বাণিজ্যিক ইউনিট : সংশ্লিষ্ট ব্যবস্থাপক/ইউনিট<br>ব্যবস্থাপকগণ জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে<br>স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবেন। |         |
| ২.           | ধানমন্ডির ৩২ নং রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।<br>সময় সকাল : ৭.৩০ মি। | বাপক এর কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষে অফিসার্স<br>এসোসিয়েশন ও কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন-এর নেতৃত্বন্দ।   |         |

৯-

| ক্রমিক<br>নং | কর্মসূচি ও সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী বিভাগ/শাখা/ইউনিট/কমিটি   | মন্তব্য |
|--------------|--|---|---------|
| ৩.           | <p>১৫ আগস্ট ২০১৫ তারিখ সকাল ১০.০০ টায় NHTTI- এর ব্যাংকুয়েট হলে জাতীয় শোক দিবসের উপর আলোচনা ও মিলাদ মাহফিল আয়োজন।</p> <p>উক্ত আলোচনা ও মিলাদ মাহফিল আয়োজনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো :</p>  | <p>সংশ্লিষ্ট কমিটি জাতীয় শোক দিবসের উপর আলোচনা ও মিলাদ মাহফিল আয়োজনের যাবতীয় কার্যক্রম সুসম্পন্ন করার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।</p> <p>সাধারণ সেবা শাখা সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের আলোচনা সভা ও মিলাদ মাহফিলে যথাসময়ে অংশগ্রহণের লক্ষ্যে যাতায়াতের জন্য প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা করবেন।</p>  |         |
|              | <p>ক) পরিচালক (অর্থ ও প্রশাসন), বাপক, ঢাকা</p> <p>খ) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, ব্যবস্থাপক (পরি) ও সভাপতি, অফিসার্স এসোসিয়েশন, বাপক, ঢাকা</p> <p>গ) জনাব মোঃ ইউনুস মৃধা, ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বাপক, ঢাকা</p> <p>ঘ) জনাব আমির হোসেন তালুকদার, ব্যবস্থাপক প্রশিক্ষণ, NHTTI ও সাধারণ সম্পাদক, অফিসার্স এসোসিয়েশন, বাপক, ঢাকা</p> <p>ঙ) জনাব মোঃ নুরুল ইসলাম, ব্যবস্থাপক (প্রশাসন), বাপক, ঢাকা</p> <p>চ) জনাব মোঃ জাকির হোসেন শিকদার, আবাসিক ব্যবস্থাপক, হোটেল অবকাশ বাপক, ঢাকা</p> <p>ছ) আখম নুরুল আমিন, ভারপ্রাপ্ত উপ-ব্যবস্থাপক, সাধারণ সেবা শাখা, বাপক, ঢাকা</p> <p>জ) জনাব আবুল হোসেন মজুমদার, সভাপতি, বাপক কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন</p> <p>ঝ) জনাব মোঃ দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক, বাপক কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন</p> | <p>- আস্থায়ক</p> <p>- সদস্য</p> <p>- সদস্য</p> <p>- সদস্য</p> <p>- সদস্য</p> <p>- সদস্য</p> <p>- সদস্য</p> <p>- সদস্য</p> <p>- সদস্য</p>   |         |
| ৪.           | <p>প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনের উপর রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। স্থান-ব্যাংকুয়েট হল, হোটেল অবকাশ, মহাখালী, ঢাকা।</p> <p>তারিখ: ১০.০৮.২০১৫</p> <p>সময়: সকাল ১০.০০টা-দুপুর ১.০০টা।</p> <p>এ অনুষ্ঠানটির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি/উপ-কমিটি গঠন করা হলো :</p>   | <p>সংশ্লিষ্ট কমিটি হোটেল অবকাশের ব্যাংকুয়েট হলে আগামি ১০.০৮.২০১৫ তারিখে নির্ধারিত সময়ে রচনার নির্ধারিত বিষয়ের উপর স্ব-হস্তে লিখিত উন্মুক্ত প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা করবেন এবং প্রতিযোগীদের স্ব-হস্তে লিখিত রচনাসমূহ সংগ্রহ করে উপ-কমিটি ও সংশ্লিষ্ট অন্যান্যদের দ্বারা যথাযথ পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের তালিকা তৈরির ব্যবস্থা করবেন।</p> |         |

মূল কমিটি :

|   |   |          |
|---|---|----------|
| ক) জনাব মোঃ ফারুক আহমেদ, মহাব্যবস্থাপক (পরিকল্পনা), বাপক, ঢাকা    | - | আস্থায়ক |
| খ) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, NHTTI, বাপক, ঢাকা                          | - | সদস্য    |
| গ) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, ব্যবস্থাপক (পরিকল্পনা), বাপক, ঢাকা  | - | সদস্য    |
| ঘ) জনাব পারভেজ আহমেদ চৌধুরী, ব্যবস্থাপক (বিপণন), বাপক, ঢাকা       | - | সদস্য    |
| ঙ) জনাব মোঃ আমির হোসেন তালুকদার, ব্যবস্থাপক প্রশিক্ষণ, NHTTI      | - | সদস্য    |
| চ) বেগম মোবাহেরা আক্তার, নির্বাহী কর্মকর্তা (প্রশাসন), বাপক, ঢাকা | - | সদস্য    |

মূল কমিটি রচনা প্রতিযোগিতা আয়োজনের জন্য সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন (পুরস্কারের জন্য প্রদেয় নগদ অর্থ, বই ক্রয় ও সনদ তৈরী ইত্যাদিসহ) তৈরীপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করবেন।

উপ-কমিটি :

|   |   |       |
|---|---|-------|
| ক) জনাব মোঃ আসাদুজ্জামান, ব্যবস্থাপক (নিরীক্ষা), বাপক, ঢাকা | - | সদস্য |
| খ) জনাব এসএম আখলাকুর রহমান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ), NHTTI   | - | সদস্য |
| গ) জনাব হাবিব আহসান খান, ব্যবস্থাপক (বাণিজ্যিক), বাপক, ঢাকা | - | সদস্য |
| ঘ) জনাব মোঃ জিয়াউল হক হাওলাদার, উপ-ব্যবস্থাপক (পিটিএস)     | - | সদস্য |

প্রতিযোগীদের শিক্ষাস্তর ও রচনার বিষয়বস্তু :


- (ক) প্রাথমিক স্তর (১ম থেকে ৫ম শ্রেণি) - বঙ্গবন্ধুর শৈশবকাল (শব্দ সংখ্যা ৩০০-৪০০)।  
(খ) মাধ্যমিক স্তর (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) - মানবদরদী বঙ্গবন্ধু (শব্দ সংখ্যা ৫০০-৬০০)।  
(গ) উচ্চমাধ্যমিক ও তদুর্ধ্ব স্তর (একাদশ শ্রেণি ও তদুর্ধ্ব পর্যায়ের) - বঙ্গবন্ধুর অজানা কথা (শব্দ সংখ্যা ৭০০-৮০০)।

রচনা প্রতিযোগিতায় কেবলমাত্র বাংলাদেশ পর্যটন করপোরেশনের কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ঢাকায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ তাঁদের সম্মানদেয়কে নিয়ে সংশ্লিষ্ট রুটে যাতায়াতকারী যানবাহনে যাতায়াতের সুবিধা গ্রহণ করতে পারেন। তবে ঢাকার বাহিরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের সম্মানসহ নিজ নিজ ব্যবস্থাপনায় অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

প্রতিযোগীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণকে পুরস্কার (১ম পুরস্কারের জন্য ৫,০০০.০০ টাকা ও বই, ২য় পুরস্কারের জন্য ৪,০০০.০০ টাকা ও বই এবং ৩য় পুরস্কারের জন্য ৩,০০০.০০ টাকা ও বই) এবং সনদ প্রদান করা হবে। এ কমিটি রচনার নির্ধারিত বিষয়বস্তু উপর আগ্রহী প্রতিযোগীদের নিকট হতে স্ব-হস্তে লিখিত সকল রচনা সংগ্রহ করে যথাসময়ে বাছাইয়ের ব্যবস্থাসহ পুরস্কারের ব্যবস্থা করবেন। উক্ত অনুষ্ঠানে বাপক এর কর্মকর্তা/কর্মচারীগণ তাদের সম্মানদেয়কে নিয়ে হাজির থাকার জন্য সভায় বিশেষ গুরুত্ব দেয়া হয়। কমিটি প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ৩টি স্তর থেকে পুরস্কারের জন্য মনোনীত ৩টি করে মোট ৯টি রচনা অভ্যাগতদের মধ্যে বিতরণের ব্যবস্থা নিবে।

পরিচালক (অর্থ ও প্রশাসন) সমগ্র অনুষ্ঠান বাস্তবায়নের জন্য প্রধান সক্ষয়কারী হিসেবে দায়িত্ব পালন করবেন। এছাড়া গঠিত কমিটিসমূহ তাদের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারীকে কো-অপ্ট করে নিতে পারবেন। পরবর্তী দিন (১৬.০৮.২০১৫) জনসংযোগ বিভাগ জাতীয় শোক দিবসের উপর আয়োজিত আলোচনা ও মিলাদ মাহফিল অনুষ্ঠানের বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আলোচনা সভায় উপ-ব্যবস্থাপক এবং তদুর্ধ্ব পর্যায়ের সকল কর্মকর্তার উপস্থিতি বাধ্যতামূলক করা হয়।

৩। পরিশেষে সভাপতি ১৫ই আগস্ট এর শোকাবহ ঘটনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ অন্যান্য সকলের আত্মার চিরশান্তিকামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
০৪/০৮/২০১৫  
অপরূপ চৌধুরী, পিএইচ.ডি  
চেয়ারম্যান  
বাংলাদেশ পর্যটন করপোরেশন

নথি ন-০০.০১৫.০১৮.২০.০১.০২৮.২০১০/১৬-০১,

তারিখ : ০৪/০৮/২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১) পরিচালক (অর্থ ও প্রশাসন/বাণিজ্যিক/পরিচালনা), বাপক, মহাখালী, ঢাকা।
- ২) মহা-ব্যবস্থাপক ----- (সকল)/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বাপক।
- ৩) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বাপক, ঢাকা।
- ৪) সভাপতি, বাপক অফিসার্স এসোসিয়েশন, ঢাকা।
- ৫) সাধারণ সম্পাদক, বাপক অফিসার্স এসোসিয়েশন, ঢাকা।
- ৬) ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক/বিপণী ব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা।
- ৭) উপ-ব্যবস্থাপক, সাধারণ সেবা শাখা, বাপক, মহাখালী, ঢাকা।
- ৮) সভাপতি, বাপক কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন, মহাখালী, ঢাকা।
- ৯) সাধারণ সম্পাদক, বাপক কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন, মহাখালী, ঢাকা।
- ১০) কমিটির সদস্যবৃন্দ ----- (সকল), বাপক, ঢাকা।
- ১১) সংশ্লিষ্ট নথি।





















  
(মোঃ নুরুল ইসলাম)  
ব্যবস্থাপক (প্রশাসন)  
বাপক, মহাখালী, ঢাকা।

বাংলাদেশ পর্যটন করপোরেশন

প্রশাসন বিভাগ

৮৩-৮৮, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।

বিষয়ঃ অদ্য ০৩/০৮/২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪০তম শাহাদাত  
বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা :

| ক্রমিক নং | নাম ও পদবী   | স্বাক্ষর  |
|-----------|--|---|
| ১         | বৃহৎ বৃহৎ বৃহৎ বৃহৎ বৃহৎ বৃহৎ<br>সচিব (প্রশাসন ও প্রশাসন)  | <br>০৩/০৮/১৫   |
| ২         | ডঃ মোঃ নাজিম উদ্দিন (কঃ)                                   | <br>০৩/০৮/১৫   |
| ৩         | মোঃ কামরুজ্জামান, এম.পি.এম. (সঃ)                           | <br>০৩/০৮/১৫   |
| ৪         | সচিব - প্রশাসন - প্রশাসন                                   | <br>০৩/০৮/১৫   |
| ৫         | মোঃ মোহাম্মদ হোসেন<br>প্রোগ্রামার (সঃ)                     | <br>০৩/০৮/১৫   |
| ৬         | আমির হোসেন অনুষ্ঠান<br>কর্তৃপক্ষ                           | <br>০৩/০৮/১৫   |
| ৭         | মোঃ মোহাম্মদ হোসেন মুহাম্মদ                                | <br>০৩/০৮/১৫   |
| ৮         | মোঃ মোহাম্মদ হোসেন<br>সচিব - প্রশাসন - প্রশাসন             | <br>০৩/০৮/১৫  |
| ৯         | মোঃ সাদিক বিন খাজিরা (প্রোগ্রামার)                         | <br>০৩/০৮/১৫ |
| ১০        | মোঃ নূরুল আমিন, প্রোগ্রামার (সঃ)                           | <br>০৩/০৮/১৫ |
| ১১        | মোঃ আব্দুল হামিদ সিকান্দার<br>আব্দুল হামিদ সিকান্দার, (সঃ) | <br>০৩/০৮/১৫ |
| ১২        | মোঃ মোহাম্মদ হোসেন<br>সচিব (সঃ) প্রশাসন ও প্রশাসন          | <br>০৩/০৮/১৫ |
| ১৩        | মোঃ হুমায়ুন কবীর (সঃ)                                     | <br>০৩/০৮/১৫ |
| ১৪        | মোঃ মনিরুল হোসেন, প্রোগ্রামার (সঃ)                         | <br>০৩/০৮/১৫ |
| ১৫        | মোঃ আব্দুল হামিদ সিকান্দার (সঃ)                            | <br>০৩/০৮/১৫ |
| ১৬        | মোঃ মোহাম্মদ হোসেন মুহাম্মদ<br>(সঃ-প্রশাসনিক)              | <br>০৩/০৮/১৫ |
| ১৭        | আব্দুল হামিদ সিকান্দার (সঃ)                                | <br>০৩/০৮/১৫ |
| ১৮        | মোঃ মোহাম্মদ হোসেন মুহাম্মদ                                | <br>০৩/০৮/১৫ |
| ১৯        | মোঃ মোহাম্মদ হোসেন মুহাম্মদ                                | <br>০৩/০৮/১৫ |
| ২০        | আব্দুল হামিদ সিকান্দার                                     | <br>০৩/০৮/১৫ |